পল্লী উন্নয়নে
সোনালী সোপান

সঞ্চয় করুন
ভবিষ্যত গড়ুন

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.১৬.০০১.১৮.১১

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৪
০৬ মার্চ ২০১৮

বিষয়: বিআরডিবি'র কর্মকর্তাদের পদবীভিত্তিক নিজস্ব ডোমেইনে ওয়েবমেইল ব্যবহার সংক্রান্ত।

সূত্র: পউস বিভাগের স্মারক নং-৪৭.০০.০০০০.০৪৩.৯৯.০০১.১৮-০০৩; তারিখ: ১৬/০১/২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্র অনুসরণ পূর্বক জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র দপ্তর প্রধানসহ সদর দপ্তর, জেলা ও উপজেলা দপ্তরের ১ম শ্রেণির সকল পর্যায়ের কর্মকর্তাদের পদবীভিত্তিক বিআরডিবি'র ডোমেইনে ওয়েবমেইল আইডি রয়েছে (যেমন-ddprog@brdb.gov.bd)। মন্ত্রিপরিষদ বিভাগসহ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবমেইল ব্যবহারের বিষয়ে বিশেষ নির্দেশনা রয়েছে। তথাপি অনেক কর্মকর্তা পদবীভিত্তিক ওয়েবমেইল ব্যবহার না করে তাদের ব্যক্তিগত ইমেইল আইডি দাপ্তরিক কাজে ব্যবহার করে থাকেন। দাপ্তরিক কাজে প্রত্যেক কর্মকর্তার পদবীভিত্তিক ওয়েবমেইল ব্যবহার করা আবশ্যক এবং পত্রে স্বাক্ষরের সময় নাম, পদবী ও ফোন নম্বরের নীচে ওয়েবমেইল ব্যবহার করা বাঞ্ছনীয়। এক্ষেত্রে বিষয়টির গুরুত্ব অনুধাবন করে এর যথাযথ ব্যবহার করবেন বলে প্রত্যাশা করছি।

২। এমতাবস্থায়, বিআরডিবি'র কর্মকর্তাদের পদবীভিত্তিক ওয়েবমেইল (সকল ওয়েবমেইল আইডিগুলো www.brdb.gov.bd ওয়েবসাইটের BRDB Webmail List লিঙ্কে পাওয়া যাবে) দাপ্তরিক কাজে ব্যবহার করা এবং এ সংক্রান্ত কোন পরামর্শ/সহযোগিতার প্রয়োজনে উপপরিচালক (প্রোগ্রামিং)-এর সাথে (ফোন-০২-৮১৮০০২৫, ইমেইল-ddprog@brdb.gov.bd) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৬-৩-২০১৮
মোঃ হাসানুল ইসলাম এনডিসি
পরিচালক প্রশাসন
ফোন: +৮৮০২৮১৮০০০৪
ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩
ইমেইল: dradmn@brdb.gov.bd

উপপরিচালক, বিআরডিবি, জেলাদপ্তর, (সকল)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.১৬.০০১.১৮.১১/১(৬৫)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৪
০৬ মার্চ ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণার্থে:

১) পরিচালক (অর্থ/পরিকল্পনা/প্রশিক্ষণ/সরেজমিন), বিআরডিবি, ঢাকা।
২) যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
৩) প্রকল্প পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
৪) উপপরিচালক (সকল), সদর দপ্তর, বিআরডিবি, ঢাকা।
৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বিআরডিবি, ঢাকা।
৬) সহকারী পরিচালক (সকল), সদর দপ্তর, বিআরডিবি, ঢাকা।
৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), উপজেলা দপ্তর, বিআরডিবি।

৬-৩-১৮

নাজনীন খানম
উপপরিচালক

মহাপরিচালক এর দপ্তর
ডকেট নং: ১৬
তং: ১৬/০১/১৮
পরিচালক (প্রশাঃ)
পরিচালক (অহি)
পরিচালক (সরেঃ)
পরিচালক (পমুপঃ)
পরিচালক (প্রশিঃ)
প্রঃ পরিচালক
উপপরিচালক (জ)
একান্ত সচিব
মহাপরিচালক
এর স্বাক্ষর ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট
www.rdcd.gov.bd

স্মারক নম্বর:
৪৭.০০.০০০০.০৪৩.৯৯.০০১.১৮.০০৩

তারিখ: ৩ মাঘ ১৪২৪
ডকেটকারীর স্বাক্ষর ঃ
১৬ জানুয়ারি ২০১৮

বিষয়: **পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তাদের পদবীভিত্তিক নিজস্ব ডোমেইনে ওয়েবমেইল ব্যবহার করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার প্রধানসহ অধিকাংশ কর্মকর্তারই পদবীভিত্তিক ওয়েবমেইল নেই এবং তারা তাদের ব্যক্তিগত ইমেইল আইডি অফিসের কাজে ব্যবহার করে থাকেন। কিন্তু প্রত্যেক কর্মকর্তারই পদবীভিত্তিক ওয়েবমেইল থাকা বাধ্যতামূলক ও দাপ্তরিক কাজে এবং পত্রে স্বাক্ষরের সময় নাম, পদবী ও ফোন নম্বরের নীচে ওয়েবমেইল ব্যবহার করা বাঞ্ছনীয়।

এমতাবস্থায়, এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তাদের পদবীভিত্তিক ওয়েবমেইল চালু, অফিসের কাজে তা ব্যবহার করা এবং এ সংক্রান্ত কোন পরামর্শ/সহযোগীতার প্রয়োজনে নিম্নস্বাক্ষরকারী সাথে যোগাযোগের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৬-১-২০১৮

মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিস্ট
ফোন: ৯৫৮৪৯২৯
ফ্যাক্স: ৯৫১৪২৭৭
ইমেইল: system.analyst@rdcd.gov.bd

১) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
২) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা
৩) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা
৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ইউনিয়ন), ঢাকা
৫) প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
৬) মহাপরিচালক, বাংলাদেশ দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ
৭) মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০

৮) ভারপ্রাপ্ত মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া
৯) ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)
১০) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা
১১) নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন ও সমবায় ফেডারেশন, মতিঝিল, ঢাকা

স্মারক নম্বর:
৪৭.০০.০০০০.০৪৩.৯৯.০০১.১৮.০০৩/১(৫)

তারিখ: ৩ মাঘ ১৪২৪
১৬ জানুয়ারি ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ
১) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৩) একান্ত সচিব, সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৪) অতিরিক্ত সচিব (প্রঃ ও বাঃ)/(পরিকল্পনা ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ঢাকা
৫) উপ সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ঢাকা

১৬-১-২০১৮
মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিস্ট